

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৫-৬০৬

তারিখঃ ০৪.০৬.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ রেজাউল হক (৪২৭৯৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৮.০৫.২০১২খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৬.০২.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৫-১৩০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৮.০৫.২০১৫ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ রেজাউল হক (৪২৭৯৯)-কে এমডি (এ্যানেসথেসিওলজি) থিসিস ৩য় পর্ব সম্পন্ন করার জন্য গত ৩১.১২.২০১১ পর্যন্ত শিক্ষাছুটি মঞ্জুর করা হয়। কোর্স সম্পন্ন না হওয়ায় তিনি তার শিক্ষাছুটির মেয়াদ বৃদ্ধি করার জন্য আবেদন করলে কর্তৃপক্ষ কর্তৃক তার শিক্ষাছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন মঞ্জুর করা হয়নি। শিক্ষাছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন না-মঞ্জুর হলেও তিনি কর্তৃপক্ষের আদেশ ব্যতিত গত ০১.০১.২০১২ তারিখ হতে চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রামে তাঁর শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছেন যা তিনি তার লিখিত জবাবেও উল্লেখ করেছেন। তার এ শিক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়ার বিষয়ে কর্তৃপক্ষের কোন অনুমোদন না থাকায় তা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত হিসেবে গণ্য এবং প্রশাসনিক ও দাপ্তরিক শুংখলা ভণ্ডের সামিল;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ রেজাউল হক (৪২৭৯৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাঁকে তিরস্কার করতঃ বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর ১৮.০৫.২০১২খ্রিঃ তারিখ হতে বদলিকৃত কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৫-৬০৬/১(৩০)

তারিখঃ ০৪.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপসচিব (শুংখলা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র সহকারী সচিব (চিপি-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মোঃ রেজাউল হক (৪২৭৯৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(আসমা ভাস্কিন)  
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)